

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-২ শাখা

Website: www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৮৫.০১৪.০১.০০.০১২.২০১২-২০৫

তারিখঃ ৩০/৩/২০১৭ খ্রিঃ


বিষয় : গুলশান-বারিধারা লেক দূষণমুক্তকরণ প্রসঙ্গে।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৮৫.০১৪.০১.০০.০১২.২০১২-৮৬৯, তারিখঃ ২৮/১১/২০১৬

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় সংসদের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক গুলশান-বারিধারা লেক দূষণমুক্ত প্রকল্প বাস্তবায়নের পর কি কারণে পুনরায় দূষণ হচ্ছে তা সরেজমিন পরিদর্শনপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এ প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত কমিটি সরেজমিন তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদনের সিদ্ধান্তের আলোকে সূত্রসূহ স্মারকে গুলশান-বারিধারা লেকটি দূষণরোধে ঢাকা ওয়াসার পাশাপাশি ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক লেকটি নিয়মিতভাবে দৈনিক ভিত্তিতে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

এমতাবস্থায়, গুলশান-বারিধারা লেক দূষণরোধে গৃহীত কার্যক্রম ও পরিকল্পনার বিষয়ে একটি প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

- ১। সচিব  
গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা  
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।

  
(ড. কে এম কামরুজ্জামান সেলিম)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৩৭০  
e-mailঃ watersupply\_02@yahoo.com

(অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল)

- ১। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), মতিঝিল, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (পাস/ নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, ঢাকা।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।